

Question to
Library 4th sem (CC-8)
7/8/24

B(4th Sm.)-Bengali-H/CC-8/CBCS

২০২৪

চতুর্থ সেমেস্টার
বাংলা - সাম্মানিক
পত্র : CC-8
(প্রাগাধুনিক সাহিত্য)
পূর্ণমান - ৬৫

প্রাস্তনিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গৌরচন্দ্রিকা বলতে কী বোঝায়? গৌরচন্দ্রিকা ও গৌরানন্দ বিষয়ক পদের পার্থক্য নির্দেশ করে বুঝিয়ে দাও কেন সকল গৌরচন্দ্রিকা গৌরানন্দ বিষয়ক পদ হলেও সব গৌরানন্দ বিষয়ক পদই গৌরচন্দ্রিকা নয়। ২+৮

অথবা,

- (খ) “কি মোহিনী জান বধু কি মোহিনী জান।”

— উদ্ধৃতিটি কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? এই পর্যায়ের বিশেষত্ব কীভাবে পদটির মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অনুসরণে বোঝাও। ১+১+৮

- ২। (ক) “দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই তাঁর স্বভাবধর্ম।”— কবিকঙ্কণ চণ্ডীর পাঠ্য অংশ মনে রেখে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) ভাঁড়ু দত্ত চরিত্র সৃজনে কবিকঙ্কণ মুকুন্দের বিশেষত্ব কতখানি আলোচনা করে দেখাও। ১০

- ৩। (ক) শাজপদাবলীর ‘ভক্তের আকৃতি’ পর্যায়ে কবিরা নিজেদের নানাবিধ দুঃখকষ্টের কথা বললেও শেষ পর্যায়ে তাঁদের ভক্তি, মুক্তি কামনা ও দেবীর উপর একান্ত নির্ভরতাই প্রাধান্য পেয়েছে।— পাঠ্যপদগুলি অনুসরণে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

অথবা,

- (খ) তোমাদের পাঠ্যপদগুলি অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার পরিচয় দাও। ১০

- ৪। (ক) “কর-কঙ্কণ-পণ ফণিমুখ-বন্ধন
শিখই ভুজ্জগ-গুরু-পাশে।”
— কবি কে? কোন পর্যায়ের পদ? অংশটুকুর মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

Please Turn Over

অথবা,

(খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়।”

— উদ্ধৃত অংশের পদকর্তা কে? এটি কোন রসপর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

৫। (ক) “আমানি খাবার গর্ত দেখে বিদ্যমান” — বক্তা কে? কোন প্রসঙ্গে সে কাকে একথা বলেছে? একথা বলার উদ্দেশ্য কী ছিল? ১+২+২

অথবা,

(খ) “আস্যাগো আমার পুর সজ্ঞাপ করিব দূর
কানে দিব কনক-কুণ্ডল।”

— কোন অংশ থেকে নেওয়া? বক্তার বক্তব্যের তাৎপর্য পরিস্ফুট করো।

১+৪

৬। (ক) “কামিনী করিল বিধি তেঁই হৈ তোমারে সাধি,
নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে।”

— কবি ও পর্যায়ের নাম উল্লেখ করো। কে, কার কাছে কেন এই খেদ প্রকাশ করেছেন?

১+১+১+১+১

অথবা,

(খ) “আমি কি দুখেরে ডরাই?” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাঁর বক্তব্যের পিছনে মনস্তত্ত্বটি বুঝিয়ে নাও।

১+১+৩

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫×১

(ক) ‘অভিসার’ পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য

(খ) ‘কালকেতুর ভোজন’ অবলম্বনে কবিকল্পণের কৌতুকরস

(গ) ‘আগমনী ও বিজয়া’ পর্যায়ের পদগুলির মূলরস।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) গোবিন্দদাসকে ‘কবিরাজ’ উপাধিতে কে ভূষিত করেন? ১

(খ) “অভিনব হেম কল্পতরু সঞ্চর” — এখানে ‘হেম’ শব্দটির অর্থ কী? ১

(গ) “সখি কি পুছসি অনুভব মোয়।” — কোন পর্যায়ের পদ? ১

(ঘ) “বহুদিন পরে বঁধুয়া এলে” — উদ্ধৃতিটির পদকর্তা কে? ১

(ঙ) “তাতল সৈকত বারিবিন্দুসম” — এখানে ‘তাতল’ শব্দটির অর্থ লেখো। ১

(চ) “অন্ধুর তপন তাপে যদি জারব” — শীর্ষক পদটির পদকর্তার নাম লেখো। ১

(ছ) “আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজগুণে” — কে, কাকে এমন কথা বলেছে? ১

- (জ) কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর "চণ্ডীমঙ্গল" কাব্যের 'আত্মপরিচয়' অংশে মানসিংহকে কী নামে চিহ্নিত করেছেন? ১
- (ঝ) "চারি পুত্র মৈল মোর মৈল চারি কি।/মাগু মৈল বুড়াকালে জীয়া কাজ কি।।"— এই বক্তব্যটি কার? ১
- (ঞ) "নাহি শুনে প্রজার গোহারি"— এখানে 'গোহারি' শব্দটির অর্থ কী? ১
- (ট) কবি মুকুন্দ চক্রবর্তীর জন্মস্থান কোথায়? ১
- (ঠ) "মা, নিম্ন ঋতুয়ালে চিনি বলে, কথায় করে ছলো।"— উদ্ধৃতিটি কোন পর্যায়ের? ১
- (ড) "এবার মায়ে ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানব না"— এখানে 'মা' এবং 'ঝি' কারা? $\frac{1}{2} + \frac{1}{2}$
- (ঢ) "ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার।"— 'হর'-এর কাছে কে অঙ্গীকার চেয়েছে? ১
- (ণ) "ওরে নবমী-নিশি, না হইও রে অবসান"— শীর্ষক পদটিতে নবমী নিশিকে মেনকা কী নামে চিহ্নিত করেছেন। ১